# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ছালাতে জমা ও ক্বছর (الجمع والقصر فى الصلوات)

আব্দুল্লাহ ইবনু আববাস (রাঃ) বলেন, তাবূক যুদ্ধে পথ চলাকালীন সময়ে রাসূল (ছাঃ)-এর নিয়ম ছিল এই যে, তিনি সর্বদা যোহর ও আছরে এবং মাগরিব ও এশাতে জমা (ও ক্বছর) করতেন।[1] এতে জমা তাক্বদীম ও জমা তাখীর দু'টিই হ'ত। 'তাক্বদীম' অর্থ শেষের ছালাতটি পূর্বের ছালাতের সাথে জমা করা এবং 'তাখীর' অর্থ প্রথমের ছালাতটি শেষেরটির সাথে জমা করা (মির'আত হা/১৩৫৩-এর আলোচনা)। সফরে রাসূল (ছাঃ) সুন্নাত-নফল ছাড়াই যোহর ও আছর একত্রে (২+২) পৃথক এক্বামতে জামা'আতের সাথে অথবা একাকী ছালাত আদায় করতেন।[2]

## ফুটনোট

[1]. মুসলিম হা/৭০৫ (৫১); আবুদাঊদ হা/১২০৮; তিরমিযী হা/৫৫৩; মিশকাত হা/১৩৪৪।

[2]. বুখারী হা/১০৯২, ১৬৬২, ১৬৭৩; মিশকাত হা/২৬১৭, ২৬০৭ 'হজ্জ' অধ্যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5644

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন